www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## নাবিক

১ পাতার পর

(কম্পালসারি) আর কেমিস্ট্রি /বায়োলজি / কম্পিউটার সায়েন্স ঐচ্ছিক বিষয় (অপশনাল) হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-২-৯৮ থেকে ৩১-১-২০০২'এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৬। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। এছাড়া রং চেনার ক্ষমতা CP II থাকতে হবে। শুরুতে ২২ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আগামী বছর ফেব্রুয়ারিতে, ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারী ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে 'সেলর' পদে চাকরি। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। প্রাথমিকভাবে ১৫ বছরের চাকরি। 'সুবেদার মেজর'এর সম র‍্যাঙ্কের 'মাস্টার চিফ পেটি অফিসার-I' পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল মাইনে: ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও শারীরিক মাপজোখের পরীক্ষা আর ডাক্তারি পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই ৪টি পেপারে : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) সায়েন্স, (৪) অঙ্ক। এক ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপের। প্রতিটি বিষয়ে আলাদাভাবে ও মোট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। তারপর

☞ এরপর ১৭ পাতায়

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের
যোগ ও নেচারোপ্যাথি ডিপ্লোমা কোর্সে
(জুলাই'১৮) ভর্তি চলছে —
শিবানন্দ হেলথ সোসাইটি (P-19), বেলঘড়িয়া, নিমতা
9432012294, 9239300520

GNM & B.Sc. NURSING
B.Sc. AGRICULTURE
M.A, M.Sc., B.Ed
প্রভৃতি Regular course-এ অল্প খরচে ভর্তির জন্য
ADRIKA FOUNDATION
যোগাযোগ করুন
8158818588
7719279596
9800853654

গড়বেতা কলেজ
বি.পি.এড. (B.P.Ed.) কোর্সে ভর্তি চলিতেছে
(N.C.T.E. স্বীকৃত Vidyasagar University অনুমোদিত)
২০১৮-২০২০ শিক্ষাবর্ষে বি.পি.এড. (B.P.Ed.) কোর্সে ভর্তির জন্য যোগাযোগ করুন
Contact No. 9749689267, 9476473221, 9933148298, 9476109596, 9434509500
বিস্তারিত জানার জন্য college website দেখুন: garhbetacollege.com

National Institute of Fire & Safety Engineering, Nagpur (NIFSE)
HOSTEL Facility Available
Recognized by Ministry of Labour & Employment, Govt. of India & Maharashtra State Technical Board (ISO 9001:2008)
FIRE & INDUSTRIAL SAFETY

| | | |
|---|---|---|
| Diploma in Fire & Safety | 10th Pass | 12 Month |
| Diploma in Industrial Safety | 10th Pass | 12 Month |
| P.G. Diploma in Fire & Safety | Graduation | 12 Month |
| P.G. Diploma in Industrial Safety | Graduation | 12 Month |

100% Job in INDIA ABROAD
Fire Officer Course : 12th Pass - (1 Year)
DUM DUM, KOLKATA www.nifse.in
Free Computer & Spoken English Class
90739 63574 / 90739 63575

**NOTICE FOR ENGAGEMENT OF ASSISTANT TEACHER FOR THE SUBJECTS CHEMISTRY & HISTORY IN EKLABYA MODEL RESIDENTIAL SCHOOL, NAGRAKATA (ENGLISH MEDIUM) PURELY ON CONTRACT BASIS**

Applications in plain papers are invited from the qualified and eligible candidates **with English Medium background only** for engagement as Asst. Teacher on purely contract basis **for the subject Chemistry & History in the Eklabya Model Residential School (English Medium) at Nagrakata,** in the district of Jalpaiguri run under the Pashim Banga Adibasi Kalyan O Shiksha Parishad.

The aforesaid post is contractual and the teacher engaged for the post will be on probation for a period of 06 (Six months with a remuneration of Rs. 23,000/- (Rupees Twenty three thousand only) per. month.

The minimum educational qualfication required for the post is Master Degree in the respective subject. **The candidates having English Medium background only will be eligible to apply.** The age limit of the candidated should not be less than 18 Years and Not more than 38 years as on 01 Jaunary 2018. The upper age limit is relaxable for the SC / ST / OBC candidates as per State Govt Norms.

The interested eligible candidates may submit their applications in plain papers with their Bio-data, Educational qualifications, experience etc, to the Office of the Project Officer-Cum-District Welfare Officer, Backward Classes Welfate, Shivaji Road, Hakimpara, Jalpaiguri, Pin-735101 on or before 07 June 2018.

**Project Officer-Cum-District Welfare Officer**
**Backward Classes Welfare, Jalpaiguri**

RAJENDRANATH GROUP OF INSTITUTIONS
(Under the aegis of Rajendranath Educational & Welfare Trust)
DIRECT ADMISSION NO DONATION
committed for quality education

Rajendranath College of Polytechnic | Rajendra Academy for Teachers' Education | Rajendranath Engineering Pvt. ITI

Approved by : AICTE | NCVT | NCTE, Govt. of India.
Affiliated to : WBSCT&VE&SD | WBSCVT | WBBPE | BU | WBUTTEPA, Govt. of W.B.

| Rajendranath College of Polytechnic | Rajendra Academy for Teachers' Education | Rajendranath Engineering Pvt. ITI |
|---|---|---|
| Admission Enquiry : | Admission Enquiry : | Admission Enquiry : |
| 0343 2538469<br>77 974 44666<br>98 005 19766<br>98 002 95866<br>90 023 43366<br>90 022 33266 | 0343 2538468<br>77 973 11166<br>81 700 31466<br>77 977 72266<br>77 978 26666<br>77 974 44666 | 0343 2538467<br>81 700 20366<br>81 700 61366<br>77 974 44666 |
| www.rpcollege.ind.in | www.rajendraacademy.com | www.rajendranathiti.ind.in |
| • Mechanical Engg.<br>• Civil Engg.<br>• Electrical Engg.<br>• Computer Sc. & Technology | • M.Ed.<br>• B.Ed.<br>• D.EL.ED. | • Fitter<br>• Electrician |



Our Campus Recruiters | আমাদের ক্যাম্পাস নিয়োগকারীগন
Facility: Separate Hostel for Boys' & Girls' & Transport facility available.
CAMPUS AT GOPALPUR, DURGAPUR 713212, W.B.

৯০ শতাংশেরও বেশি চাকুরিতে সাফল্য
SC/ST ছাত্রছাত্রীদের জন্য বিশেষ ছাড়
SCHOOL FOR SKILLS
ALLIED HEALTH SCIENCES
প্যারামেডিকাল প্রশিক্ষণ কেন্দ্র
Suri | Panskura | Bolpur | *Tarakeshwar
বাড়ছে সুযোগ, খুলছে ভবিষ্যৎ
শুনছি হাসপাতালে নাকি অনেক চাকরী !
ADMISSION OPEN 2018-19
*নতুন কেন্দ্র চালু হবে যদি উপযুক্ত সংখ্যক ছাত্রছাত্রীর আবেদনপত্র গৃহীত হয়।

| Course Name | Course Duration | Minimum Qualification |
|---|---|---|
| Emergency Medical Technician (Basic) | 1 Year | XII |
| Operation Theatre Technician | 1 Year | XII |
| Radiology Technician | 1 Year | XII (Science) |
| Dialysis Technician | 1 Year | XII (Pref. Science) |
| Medical Laboratory Technician | 1 Year 6 months | XII (Science) |
| General Duty Assistant | 6 months | X |
| Pharmacy Assistant | 1 Year | XII |

নিম্নলিখিত হাসপাতালগুলিতে আমাদের ছাত্রছাত্রীরা প্রশিক্ষণপ্রাপ্ত এবং কর্মরত
BM Birla Heart Research Centre | AMRI Hospital | Fortis Hospital
Medica Super Speciality Hospital | NH Multi-Speciality Hospitals
Application forms are available at centres/ may be downloaded from website
N·S·D·C National Skill Development Corporation | Healthcare Sector Skill Council
বিশদ জানতে যোগাযোগ করুন
9073 37 0069 / 70
9 am to 9 pm
W: www.sfsahs.org | E: info@sfsahs.org

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad





কেরিয়ার

# বস্ত্র শিল্পে এখন অনেক কাজের সুযোগ

ভারতে এই মুহূর্তে সম্ভাবনাময় কাজের ক্ষেত্র বস্ত্রশিল্প। বস্ত্র ও পোশাক পুরোপুরি এক নয়, তবে একটা অন্যটার পরিপূরক। বস্ত্র থেকে তৈরি হয় পোশাক। বস্ত্রশিল্পের বিভিন্ন ক্ষেত্রে বৈচিত্র্যময় কাজের সুযোগ আছে। কোথায় কীভাবে সুযোগ পেতে পারেন তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হল এই প্রতিবেদনে।

আমাদের দৈনন্দিন জীবনের গুরুত্বপূর্ণ অংশ হল, বস্ত্র। সেই প্রাচীনকাল থেকে বস্ত্রশিল্প ভারতের কর্মসংস্থান ও রাজস্ব আদায়ের গুরুত্বপূর্ণ ক্ষেত্র। কৃষির পর বস্ত্রশিল্পই এ দেশের দ্বিতীয় বৃহত্তম কাজের ক্ষেত্র। এই শিল্পে প্রত্যক্ষভাবে ৪৫ মিলিয়ন মানুষের কর্মসংস্থান হয় আর পরোক্ষভাবে ৬০ মিলিয়ন মানুষ বস্ত্র অনুসারি শিল্পের সঙ্গে যুক্ত। কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের এক রিপোর্ট অনুসারে, জাতীয় শিল্প উৎপাদনে এই শিল্পের ১৪% অবদান আছে। আর এই শিল্পজাত পণ্য বিদেশে রপ্তানি থেকে ১২% মুদ্রা আয় হয়। বিশ্ব বাজারে ভারতের বস্ত্রশিল্পের বিভিন্ন ধরণের সামগ্রী আছে শীর্ষ তালিকায়। যেমন, পাট ও পাটজাত সামগ্রী তৈরির সবচেয়ে বড় ক্ষেত্র, তুলো উৎপাদনে দ্বিতীয় বৃহত্তম ক্ষেত্র, সিন্থেটিক উৎপাদনে চতুর্থ বৃহত্তম ক্ষেত্র আর উল উৎপাদনে ষষ্ঠ বৃহত্তম ক্ষেত্র। এই তথ্য থেকে সহজেই বোঝা যায়, এই মুহূর্তে ভারত বস্ত্র ও তৈরি পোশাক উৎপাদনের সবচেয়ে বড় দেশ। সারা বিশ্বের বস্ত্র ও পোশাক শিল্পের বাজারে ৬৩% ভারতের দখলে। সমীক্ষা অনুযায়ী, আগামী ২ বছরে বস্ত্রশিল্পে ১ কোটি ২০ লাখ মানুষের কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।

**বস্ত্র ও পোশাক :** বস্ত্র ও পোশাক এক নয়। বিভিন্ন ধরণের তন্তু থেকে তৈরি হয় বস্ত্র বা, কাপড়। তন্তু দু'ধরণের — প্রাকৃতিক ও মানুষের তৈরি। প্রাকৃতিক তন্তুর মধ্যে আছে তুলো, পাট, রেশম ও উল। মানুষের তৈরি তন্তু হল পলিয়েস্টার, ভিসকোস নাইলন ও অ্যাক্রেলিক (acrylic)। এইসব তন্তু সামগ্রী বিশেষ পদ্ধতিতে প্রক্রিয়াজাত করে তৈরি হয় বস্ত্র বা, কাপড়। কাপড় তৈরি হয় এই ২ ভাবে — (১) বিদ্যুৎচালিত তাঁতে ও (২) হস্তচালিত তাঁতে। কাপড় যেমন মানুষের পরিধেয় তেমনি ব্যবহার হয় বেড কভার, কাঁথা, টেবিল ক্লথ, তোয়ালে ও হোসিয়ারি পোশাক তৈরিতে। বস্ত্র বা, টেক্সটাইল শিল্পের মধ্যে যেমন আছে বিভিন্ন ধরণের ফেব্রিক তৈরি ও মেশিন তৈরি, তেমনি আছে নতুন প্রযুক্তির পরিকল্পনা ও উন্নয়ন। বস্ত্রশিল্পের প্রধান ৩টি ক্ষেত্র হল — গবেষণা ও উন্নয়ন, উৎপাদন আর মার্চেন্টডাইজিং। এই ক্ষেত্রে ৩০ মিলিয়নের বেশি মানুষের রুজি-রোজগার হয়।

অন্যদিকে বিভিন্ন ধরণের বস্ত্র বা, কাপড় তৈরি পোশাককে বলা হয় রেডিমেড গার্মেন্টি। এই শিল্পের নাম অ্যাপারেল ইন্ডাস্ট্রি।

**বস্ত্রশিল্পের পরিবর্তন :** বস্ত্রশিল্পের ক্ষেত্রটি একদিকে যেমন বিশাল ও জটিল, অন্যদিকে তেমনি শিল্পটি নিত্য পরিবর্তনশীল। গত কয়েক বছর ধরে ভারতের বস্ত্রশিল্প হয়ে উঠেছে ক্রেতার পছন্দ ও চাহিদাভিত্তিক। পোশাক তৈরি ও খুচরো বিপণনের ক্ষেত্র ব্যাপক আকারে বেড়েছে। তন্তু উৎপাদন, বয়ন ও তাঁত অ্যাপারেল উৎপাদন, হোম টেক্সটাইল ও খুচরো বিপণনের গুরুত্বপূর্ণ উপাদান। অ্যাপারেল শিল্পে পোশাক উৎপাদন নিয়ে কাজ হয়, সেখানে হোম ফ্যামিলিংয়ে ঘরোয়া সামগ্রী — ব্যাগ, বাস্কেট, কার্পেট, তোয়ালে, জানলার শেডস, বিছানার চাদর, টেবিল ক্লথের নকশা ও উন্নতি নিয়ে কাজ হয়।



চাহিদা অনুসারে পোশাক শিল্পের ক্ষেত্র বৈচিত্র্যকরণ ও বিশেষীকরণ ক্ষেত্র। যেমন, শিল্পক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল টেক্সটাইল, চিকিৎসাক্ষেত্রে মেডিক্যাল টেক্সটাইল, কৃষিক্ষেত্রে অ্যাগ্রি টেক্সটাইল ও নির্মাণক্ষেত্রে জিও-টেক্সটাইলের ব্যবহার হয়। যুদ্ধক্ষেত্র, প্রতিরক্ষা এমনকী নাসায় (NASA) কাজের জন্য ব্যবহার হয় বিশেষ বস্ত্রে তৈরি পোশাক।

**শিক্ষাগত যোগ্যতা :** বস্ত্রশিল্পের কারিগরি ও প্রযুক্তিগত ক্ষেত্রে কাজের জন্য শিক্ষাগত যোগ্যতা লাগে টেক্সটাইল টেকনোলজি বা, ইঞ্জিনিয়ারিংয়ে বি.টেক / এম.টেক ডিগ্রি। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক নিয়ে বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বি.টেক কোর্স পড়তে পারেন। প্রার্থী বাছাই হয় জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। বি.টেক পাশ করার পর পড়া যায় এম.টেক কোর্স ও তারপর করা যায় পিএইচ.ডি। ডিজাইনিং ক্ষেত্রে কাজের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার হয় টেক্সটাইল ডিজাইনিংয়ে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ। অ্যাপারেল শিল্পে কাজের জন্য পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা লাগে ক্লাস এইট পাশ থেকে ডিগ্রি কোর্স পাশ ও সেইসঙ্গে থাকতে হয় পেশাদার ট্রেনিং ও অভিজ্ঞতা।

**কোথায় কী কোর্স পড়ানো হয় :** (১) গভর্নমেন্ট কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেক্সটাইল টেকনোলজি, বহরমপুর, মুর্শিদাবাদ। কোর্স : বি.টেক ও এম.টেক (টেক্সটাইল টেকনোলজি)। (২) গভর্নমেন্ট কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, শ্রীরামপুর, হুগলী। কোর্স : বি.টেক ও এম.টেক (টেক্সটাইল টেকনোলজি)। (৩) ডিপার্টমেন্ট অফ জুট অ্যান্ড ফাইবার টেকনোলজি ইনস্টিটিউট অফ জুট টেকনোলজি, কলকাতা বিশ্ববিদ্যালয়, ৩৫ বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা-৭০০০১৯। কোর্স : (ক) বি.টেক ইন জুট ও ফাইবার টেকনোলজি : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক নিয়ে উচ্চ মাধ্যমিক পাশরা এই কোর্সে ভরতি হতে পারেন। (খ) এম.টেক ইন টেক্সটাইল : জুট ও ফাইবার টেকনোলজির বি.টেক পাশরা এই কোর্সে ভরতি হতে পারেন। (গ) পিএইচ.ডি : এম.টেক পাশ করার পর পিএইচ.ডি করা যায়। বি.টেক পাশদেরও যদি সংশ্লিষ্ট ক্ষেত্রে জাতীয় জার্নালে ৩টি পেপার প্রকাশিত হয়ে থাকে, তবে তাঁরাও পিএইচ.ডি করার জন্য আবেদন করতে পারেন। পিএইচ.ডি'র সর্বোচ্চ মেয়াদ ৫ বছর। (ঘ) জুট টেকনোলজি ও ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স : ফিজিক্স / কেমিস্ট্রি / ম্যাথমেটিক্স / স্ট্যাটেস্টিক্স / কম্পিউটার সায়েন্স এর মধ্যে যে কোনো একটি বিষয় নিয়ে ৩ বছরের বি.এসসি. (জেনারেল / অনার্স) বা, সমতুল কোর্স পাশরা এই কোর্সে ভরতি হতে পারেন। প্রার্থী বাছাই হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। (৪) শিল্পসদন, শান্তিনিকেতন, বিশ্বভারতী, বীরভূম। কোর্স : টেক্সটাইল ডিজাইনিংয়ের ডিগ্রি কোর্স, পোস্ট গ্র্যাজুয়েট কোর্স এমনকী পিএইচ.ডি করানো হয়। গড়ে ৬০% নম্বর পেয়ে উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ব্যাচেলর ইন ডিজাইনিংয়ের ৪ বছরের কোর্সে ভরতি হতে পারেন। স্পেশালাইজেশন আছে এইসব বিষয়ে : টেক্সটাইল, ফার্নিচার ও ইন্টেরিয়র ডিজাইনিং, সেরামিক ও গ্রাফিক্স ডিজাইনিং।

**রাজ্যের বাইরে পড়ানো হয় :** (১) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, দিল্লি। কোর্স : বি.টেক, এম.টেক (টেক্সটাইল). পিএইচ.ডি। www.iddcweb.iitd.ac.in। (২) MLV টেক্সটাইল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কলেজ। www.mivti.ac.in। কোর্স : বি.টেক ও এম.টেক (টেক্সটাইল কেমিস্ট্রি ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)। (৩) U.P টেকনোলজি ইনস্টিটিউট, কানপুর। www.uptti.ac.in। কোর্স : বি.টেক, এম.টেক, পিএইচ.ডি (টেক্সটাইল টেকনোলজি)। (৪) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ভুবনেশ্বর। www.cet.edu.in। কোর্স : বি.টেক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)। (৫) জ্ঞানী জৈল সিং পঞ্জাব টেকনিক্যাল ইউনিভার্সিটি। http://www.gzscetbti.gov.in। কোর্স : বি.টেক, এম.টেক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)। (৬) ডা: বি. আর. আম্বেদকর ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি। http://www.nitji.ac.in। কোর্স : বি.টেক, এম.টেক, এম.এসসি ও পিএইচ.ডি (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)। (৭) জওহরলাল নেহরু গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজ। www.jngec.ac.in। কোর্স : বি.টেক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)। (৮) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কার্পেট টেকনোলজি। www.iict.ac.in। কোর্স : বি.টেক (কার্পেট ও টেক্সটাইল টেকনোলজি)।

## বস্ত্রশিল্পে কোথায় কীভাবে কেরিয়ার গড়বেন

বস্ত্রশিল্পের ক্ষেত্রটি অনেক বড় ও বৈচিত্র্যময়। এই শিল্পের মধ্যে একদিকে যেমন আছে বস্ত্র উৎপাদন, প্রক্রিয়াকরণ, গবেষণা, মেশিনের ব্যবহার ও আধুনিক প্রযুক্তির উন্নয়ন, তেমনই আছে বস্ত্র থেকে পোশাক ও অন্যান্য শিল্পসামগ্রী তৈরি ও বৈচিত্র্যময় নকশা বা, ডিজাইনের কাজ। সারা বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে গত কয়েক বছর ধরে ভারতের বস্ত্র পোশাক শিল্পক্ষেত্রটি হয়ে উঠেছে ক্রেতার চাহিদা ও রুচিভিত্তিক। এই রুচি সময়ের সঙ্গে সঙ্গে পালটে যায় আর সেই চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে বদলে যায় শিল্পের বাজার। ফলে এই পেশায় আসতে চাইলে নান্দনিক শিল্পচেতনার সঙ্গে আধুনিক প্রযুক্তির ব্যবহার জানাটা জরুরি। এইজন্যই দরকার হয় সংশ্লিষ্ট ক্ষেত্রে পেশাদারি ট্রেনিং। বস্ত্র ও পোশাক শিল্পের বিভিন্ন ক্ষেত্রে কেরিয়ারের সুযোগ আছে ও ক্ষেত্র অনুসারে শিক্ষাগত যোগ্যতা লাগে। কারিগরি প্রযুক্তির কাজ করতে চাইলে টেক্সটাইল ডিজাইনিং বা, ইঞ্জিনিয়ারিংয়ের বি.টেক বা, এম.টেক পাশ করতে হবে। ব্যবস্থাপনার কাজ করতে চাইলে টেক্সটাইল ম্যানেজমেন্টের কোর্স করতে হবে। বস্ত্র ও পোশাক শিল্পের গুরুত্বপূর্ণ অংশ ডিজাইনিং। ডিজাইনিংয়ের কাজ করতে চাইলে টেক্সটাইল ডিজাইনিং বা, ফ্যাশন ডিজাইনিংয়ের কোর্স করতে হবে। শিক্ষকতা বা, গবেষণার ক্ষেত্রটি কেরিয়ার হিসাবে বেছে নিতে চাইলে পিএইচ.ডি করতে হবে। নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত নিডল ওয়ার্কের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট পাশ হলে স্কুল সার্ভিস কমিশনে কর্মশিক্ষা বিষয়ের শিক্ষক পদের জন্য আবেদন করা যায়। আবার অল্প শিক্ষিত ছেলেমেয়েরা মেশিনারির ক্ষেত্রে কাজ করতে চাইলে মেশিন টেকনিশিয়ান বা, টেকনোলজি ট্রেনিং নিতে হবে।

টেক্সটাইল টেকনোলজি / ইঞ্জিনিয়ারিং, জুট অ্যান্ড ফাইবার টেকনোলজি ও টেক্সটাইল ডিজাইন বা, ফ্যাশন ডিজাইনিংয়ের কোর্স করার পর চাকরির সুযোগ আছে এইসব সরকারি সংস্থায় : কেন্দ্রীয় অস্ত্র কারখানা, ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, বার্ডস জুট এক্সপোর্ট সংস্থা, ব্রিটিশ ইন্ডিয়া কর্পোরেশন, কটন কর্পোরেশন অফ ইন্ডিয়া, হ্যান্ডিক্র্যাফট ও হ্যান্ডলুম এক্সপোর্ট কর্পোরেশন, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন, ন্যাশনাল জুট বোর্ড, সেন্ট্রাল সিল্ক বোর্ড, টেক্সটাইল কমিটি, ডাইভারসিফায়েড হ্যান্ডলুম ডেভেলপমেন্ট, ইন্টিগ্রেটেড হ্যান্ডলুম ডেভেলপমেন্ট, মার্কেটিং অ্যান্ড এক্সপোর্ট প্রোমোশন। ওইসব সংস্থায় চাকরি হয় এইসব পদে : টেক্সটাইল অ্যাডমিনিস্ট্রেটর, প্রোডাকশন ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, সুপারভাইজার, মার্কেটিং ম্যানেজার, টেক্সটাইল ইঞ্জিনিয়ার, টেক্সটাইল টেকনোলজিস্ট পদে। মাস্টার ডিগ্রি বা, পিএইচ.ডি করার পর কাজের সুযোগ আছে এইসব গবেষণা ও শিক্ষণ সংস্থায় : আহমেদাবাদ টেক্সটাইল ইন্ডাস্ট্রি রিসার্চ অ্যাসোসিয়েশন, মুম্বই টেক্সটাইল রিসার্চ অ্যাসোসিয়েশন, নর্থ ইন্ডিয়া টেক্সটাইল রিসার্চ অ্যাসোসিয়েশন, ন্যাশনাল জুট বোর্ড, সেন্ট্রাল সিল্ক বোর্ড, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি। অ্যাপারেল শিল্পের ক্ষেত্রে চাকরি হয় এইসব ক্ষেত্রে : পোশাক তৈরি সংস্থা, রপ্তানি সংস্থা, রিটেলস শপ, শপিং মল ও মার্চেন্ডাইজ হাউস। লোক নেওয়া হয় এইসব পদে : ডিজাইনার, প্রোডাকশন ম্যানেজার, প্রোডাকশন অ্যাসিস্ট্যান্ট, প্রোডাকশন সুপারভাইজার, প্যাটার্ন মেকার, কাটার, মার্চেন্ডাইজার, কোয়ালিটি কন্ট্রোলার, কোয়ালিটি চেকার ও মেশিন অপারেটর।

ধরাবাঁধা চাকরি করতে না চাইলে বস্ত্র ও পোশাক শিল্পের বিভিন্ন ক্ষেত্রে ব্যবসা করতে পারেন। অল্প পুঁজিতে উদ্যোগ নিতে পারেন এইসব প্রকল্পে : ক্ষুদ্র পোশাক তৈরির ইউনিট, বাটিক, ডাই ইউনিট, বুটিক, ফিনিশিং ইউনিট। এছাড়াও ট্রেডিং বা, পোশাক রপ্তানির ব্যবসা করতে পারেন। এরাজ্যে পোশাক শিল্পের সবচেয়ে বড় বাজার হাওড়ার মঙ্গলহাট। এখান থেকে সস্তায় পোশাক কিনে কেনাবেচার ব্যবসা করতে পারেন। রাজ্যের বাইরে পোশাক শিল্পের বড় বাজার আছে দিল্লি, মুম্বই ও পঞ্জাবে। পশ্চিমবঙ্গ থেকে মূলত শিল্পের উপযোগী পোশাক ও বাচ্চাদের পোশাক রপ্তানি হয়। এছাড়া শাড়িশিল্পের বিপণন করেও ভালো আয়ের সুযোগ আছে। বস্ত্র ও পোশাক শিল্পের কাজে দক্ষতা থাকলে কাজের জন্য বসে থাকতে হয় না।



